

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, আগস্ট ২০, ২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ, ২ ভাদ্র ১৪১৮ বঙ্গাব্দ/১৭ আগস্ট ২০১১ খ্রিস্টাব্দ

এস. আর. ও নং ২৬৮-আইন/২০১১।—জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ (২০০৪ সনের ২৯নং আইন) এর ধারা ২৩ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জন্ম ও মৃত্যু নিবন্ধন (ইউনিয়ন পরিষদ) বিধিমালা, ২০০৬ এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার—

বিধি ২০ক এর পরিবর্তে নিম্নরূপ বিধি ২০ক প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“২০ক। ফিস সংক্রান্ত বিশেষ বিধান।—বিধি ২০ এর উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, ৩০ জুন, ২০১২ তারিখ পর্যন্ত সময়ের মধ্যে, নিম্নবর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত ক্রমিকের বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সেবার ক্ষেত্রে উহার বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত ফিসের হার প্রযোজ্য হইবে, যথা ঃ—

(১৩০২৫)

মূল্য ঃ টাকা ২.০০

টেবিল

ক্রমিক নং	সেবার নাম	ফিস
(১)	(২)	(৩)
১।	অনূর্ধ্ব আঠার বৎসর বয়সের ব্যক্তিদের জন্ম নিবন্ধন	শূন্য
২।	আঠার এবং তদূর্ধ্ব বৎসর বয়সের ব্যক্তিদের জন্ম নিবন্ধন	৫০.০০ টাকা
৩।	কোন ব্যক্তির মৃত্যু নিবন্ধন	শূন্য।”।

২। ইহা ১ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শামীমা নাগিস

উপ-সচিব (ইউপি)।